দৈনিক ইত্তেফাক

তারিখ .. 16 JUN [illegible]
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭ ...

# আগামীকাল এইচএসসি পরীক্ষা শুরু

ইত্তেফাক রিপোর্ট ।। আগামীকাল (বৃহস্পতিবার) হইতে সারাদেশে ১৯৯৩ সালের এইচ,এস,সি পরীক্ষা শুরু হইবে। ঢাকা, রাজশাহী, যশোর ও কুমিল্লা এই ৪টি শিক্ষা বোর্ডের আওতায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ৩ লক্ষ ৪২ হাজার ৪০৮। বিদেশে ১০টি কেন্দ্রসহ সারাদেশের ৬৬৫টি কেন্দ্রে ও ১০৫টি উপকেন্দ্রে পরীক্ষা

(শেষ পৃ: ৮-এর ক: দ্র:)

## এইচএসসি পরীক্ষা

(১ম পৃ: পর)

অনুষ্ঠিত হইবে। পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সরকার ভিজিল্যান্স টীম গঠন করিয়াছে। পরীক্ষা কেন্দ্রের আশেপাশে আইন শৃঙ্খলারক্ষাকারী বাহিনীর সদস্যবৃন্দ প্রহরায় থাকিবেন। ঢাকা বোর্ডে ১ লক্ষ ১৭ হাজার ৫৩৯ জন, রাজশাহী বোর্ডে ৮০ হাজার ৭৩৭ জন, যশোর বোর্ডে ৬৪ হাজার ৭৮ জন ও কুমিল্লা বোর্ডে ৮০ হাজার ৪৫৪ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ গ্রহণ করিবে।